গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

বিষয়: ঢাকা উত্তর/দক্ষিণ, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা সিটি কর্পোরেশনের নিকট সরকারের পাওনা DSL (Debt Service Liability) বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ, এইচ, এম কামরুজ্জামান
অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ
স্থানীয় সরকার বিভাগ
সভার স্থান : কক্ষ নং-১৩৩৩, নগর ভবন, ঢাকা
তারিখ ও সময় : ২৩ জানুয়ারি ২০২৫,বৃহস্পতিবার, বেলা ১২.০০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ-কে সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা) বলেন, ঢাকা উত্তর/দক্ষিণ, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা সিটি কর্পোরেশনের নিকট সরকারের ডিএসএল পাওনা আদায় ও ১৬ মে ২০১৭ তারিখের অর্থ বিভাগের ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর আলোকপাত করেন। অর্থ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক সিটি কর্পোরেশনের ডিএসএল নিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই করার জন্য সভায় আলোকপাত করা হয়। সভায় অর্থ বিভাগ কর্তৃক প্রকাশিত ঢাকা উত্তর/দক্ষিণ, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা সিটি কর্পোরেশনের নিকট সরকারের পাওনা DSL (Debt Service Liability) এর নিম্নরুপ পরিমাণ উল্লেখ করা হয়:

| ক্রমিক নং | প্রতিষ্ঠান | পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ০১. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ৫১৪৫৯.৪৪ |
| ০২. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | |
| ০৩. | চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১০৬৭১.১৭ |
| ০৪. | রাজশাহী সিটি কর্পোরেশন | ২১৪৫৪.৯০ |
| ০৫. | খুলনা সিটি কর্পোরেশন | ৩২১৯৩.৩৭ |

০২। অতপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। | DSL (Debt Service Liability) সংক্রান্ত যাচাই-বাছাই কার্যক্রমে যথাযথ প্রস্তুতি গ্রহণপূর্বক অর্থ বিভাগ কর্তৃক আয়োজিতব্য সভায় অংশগ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন |
| ২। | DSL (Debt Service Liability) এর বিষয়টি সমাধানের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা ২০/০২/২০২৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | |
| ৩। | অর্থ বিভাগের সাথে DSL (Debt Service Liability) সংক্রান্ত কার্যক্রমে অংশগ্রহণকারী কর্মকর্তার নাম স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

6/02/2025

এ, এইচ, এম কামরুজ্জামান
অতিরিক্ত সচিব
নগর উন্নয়ন অনুবিভাগ
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৩৪.১৭-৫৮/১(১০)

তারিখ: ২০ মাঘ ১৪৩১ / ০৩ ফেব্রুয়ারি ২০২৫

**বিতরণ**: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
০৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন
০৭. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ
০৮. উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

**অনুলিপি**- সদয় অবগতি জন্য

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ

০৩.০২.২৫

মোঃ ফিরোজ মাহমুদ
উপসচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

E:\Osman Gani-Office\11. Budget Allocation\DSL\DSL রেজুলেশন.docx